# এইচএসসি বোর্ড পরীক্ষার প্রশ্নপত্র ২০১৭

## ঢাকা শিক্ষা বোর্ড–২০১৭ বিষয় কোড | ২ | ৫ | ৩ |

## বিষয় ঃ হিসাববিজ্ঞান ১ম পত্র (সৃজনশীল)

**সময় ঃ ২ ঘণ্টা ৩০ মিনিট** **পূর্ণমান—৭০**

[ বি. দ্র. ডান পার্শ্বস্থ সংখ্যাগুলো প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক-বিভাগের ২টি এবং খ-বিভাগ হতে যেকোনো ৫টি সহ সর্বমোট ৭টি প্রশ্নের উত্তর দাও )

### 'ক' বিভাগ

১. প্রীতি ট্রেডার্স-এর ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিল ও অন্যান্য তথ্যাদি নিচে দেওয়া হলো :

রেওয়ামিল
৩১ ডিসেম্বর, ২০১৫

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| হাতে নগদ | ৩,০০০ | |
| মূলধন | | ৬০,০০০ |
| বিনিয়োগ | ৫০,০০০ | |
| প্রারম্ভিক মজুদ পণ্য | ২৭,০০০ | |
| ক্রয় ও বিক্রয় | ১,৩৬,০০০ | ১,৯৫,০০০ |
| বিক্রয় বাট্টা ও ক্রয় বাট্টা | ৭,০০০ | ৫,০০০ |
| মজুরি ও বেতন | ১৩,০০০ | |
| ভাড়া (১০ মাসের) | ২৮,০০০ | |
| কমিশন | ৫,০০০ | ৬,০০০ |
| বীমা সেলামি (৩১.৩.২০১৬ পর্যন্ত ১ বছরের জন্য) | ৬,০০০ | |
| দেনাদার ও পাওনাদার | ২২,০০০ | ৪২,০০০ |
| শিক্ষানবিশ সেলামি | | ৬,০০০ |
| শিক্ষানবিশ ভাতা | ৫,০০০ | |
| বিজ্ঞাপন | ১০,০০০ | |
| জলযান ভাড়া | ২,০০০ | |
| | ৩,১৪,০০০ | ৩,১৪,০০০ |

**অন্যান্য তথ্যাবলি :**

i. সমাপনী মজুদ পণ্য ৫৪,০০০ টাকা।
ii. ধারে পণ্য ক্রয় ১২,০০০ টাকা ও ধারে পণ্য বিক্রয় ১৫,০০০ টাকা হিসাবভুক্ত হয়নি।
iii. প্রচারের জন্য বিনামূল্যে পণ্য বিতরণ ৫,০০০ টাকা।
iv. মালিক কর্তৃক বিক্রয়মূল্যে পণ্য উত্তোলন ৩,০০০ টাকা হিসাবভুক্ত হয়নি।
v. ক্রয় ফেরত ৩,০০০ টাকা হিসাবভুক্ত হয়নি।

(ক) প্রীতি ট্রেডার্সের নিট বিক্রয়মূল্য নির্ণয় কর। ২
(খ) মোট মুনাফা ৮৩,০০০ টাকা ধরে নিট মুনাফা নির্ণয় কর। ৪
(গ) উপর্যুক্ত তথ্যের আলোকে প্রীতি ট্রেডার্সের মোট সম্পদের পরিমাণ নির্ণয় কর। ৪

২. প্রাপ্তি ট্রেডার্স-এর রেওয়ামিল ও অন্যান্য তথ্যাবলি নিম্নরূপ :

প্রাপ্তি ট্রেডার্স
রেওয়ামিল
৩১ ডিসেম্বর, ২০১৪

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| হাতে নগদ | ৩২,০০০ | |
| প্রাপ্য হিসাব | ১৬,০০০ | |
| সাপ্লাইজ | ২২,০০০ | |
| অগ্রিম বীমা | ২০,০০০ | |
| আসবাবপত্র | ৮০,০০০ | |
| বেতন খরচ | ১২,০০০ | |
| ভাড়া খরচ | ১০,০০০ | |
| মূলধন | | ৮০,০০০ |
| সেবা আয় | | ৬৮,০০০ |
| পুঞ্জীভূত অবচয়-আসবাবপত্র | | ১৬,০০০ |
| অনুপার্জিত সেবা আয় | | ১২,০০০ |
| প্রদেয় হিসাব | | ১৬,০০০ |
| | ১,৯২,০০০ | ১,৯২,০০০ |

**সমন্বয়সমূহ :**

i. ২,০০০ টাকার সাপ্লাইজ অব্যবহৃত রয়েছে, যা হিসাবভুক্ত হয়নি।
ii. চলতি বছরে ভ্রমণ খরচ বাবদ ৮,০০০ টাকা ব্যয় করা হয়েছে, যা হিসাবভুক্ত হয়নি।
iii. ৬,০০০ টাকার সেবা ধারে প্রদান করা হয়েছে, যা হিসাবভুক্ত হয়নি।
iv. আসবাবপত্রের আনুমানিক আয়ুষ্কাল ৫ বছর।

(ক) চলতি বছরের সাপ্লাইজ খরচের পরিমাণ নির্ণয় কর। ২
(খ) প্রাপ্তি ট্রেডার্সের নিট মুনাফার পরিমাণ নির্ণয় কর। ৪
(গ) প্রতিষ্ঠানের চলতি দায় ও স্থায়ী সম্পদের পরিমাণ নির্ণয় কর। ৪

## 'খ' বিভাগ

৩. **জনাব করিম ২০১৬ সালের ১ জানুয়ারি তারিখে নগদ ১,০০,০০০ টাকা ও ৮০,০০০ টাকার ব্যাংক ঋণ নিয়ে একটি ব্যবসায় আরম্ভ করলেন। তার ব্যবসায়ের অন্যান্য লেনদেনগুলি ছিল নিম্নরূপ :**

জানুয়ারি ২ ২% বাট্টায় পণ্যক্রয় করা হলো ১০,০০০ টাকা।
৪ জীবন বীমা প্রিমিয়াম প্রদান করা হলো ৫,০০০ টাকা।
৮ অনাদায়ী পাওনা ধার্য করা হলো ৫০০ টাকা।
১০ অফিস কর্মীকে বেতন প্রদান করা হলো ১০,০০০ টাকা।
১২ অফিসের জন্য একটি কম্পিউটার ক্রয় করা হলো ৪০,০০০ টাকা।
২০ নিজ প্রয়োজনে পণ্য উত্তোলন ৫,০০০ টাকা।

২৫ ব্যবসায়ের উদ্দেশ্যে একটি ডেলিভারি ভ্যান ক্রয় করা হলো ১,০০,০০০ টাকা।

(ক) জনাব করিমের উত্তোলনের পরিমাণ নির্ণয় কর। ২

(খ) ২, ৪, ১২ ও ২৫ তারিখের লেনদেনগুলি দ্বারা জাবেদা প্রস্তুত কর। ৪

(গ) উল্লেখিত লেনদেনগুলি হিসাব সমীকরণে কী প্রভাব বিস্তার করে সেটা টেবুলার ফর্মে দেখাও। ৪

৪. **২০১৬ সালে মে মাসে জনাব সাকিবের ব্যবসায়ে সংঘটিত লেনদেনগুলি নিম্নরূপ :**

মে ১ তিনি নগদ ৫০,০০০ টাকা ও ৮০,০০০ টাকার ব্যাংক জমা নিয়ে ব্যবসায় আরম্ভ করেন।

৬ চেকে পণ্য ক্রয় ২,০০০ টাকা।

৮ ২% বাট্টায় নগদে পণ্য বিক্রয় ২৫,০০০ টাকা।

১০ বেতন প্রদান ৮,০০০ টাকা।

১২ আশরাফুলের নিকট পাওনা ৪০,০০০ টাকার পূর্ণ নিষ্পত্তিতে ৩৯,২০০ টাকা পাওয়া গেল।

১৫ ব্যাংকে জমা দেওয়া হলো ১০,০০০ টাকা।

২০ আসবাবপত্র ক্রয় ২০,০০০ টাকা।

২৫ সুদ পাওয়া গেল ২,০০০ টাকা।

২৮ আলমের ২০,০০০ টাকা দেনার পূর্ণ নিষ্পত্তিতে ১৯,৮০০ টাকা প্রদান করা হলো।

(ক) মোট নগদ বাট্টার পরিমাণ নির্ণয় কর। ২

(খ) উপর্যুক্ত লেনদেনগুলি দ্বারা নগদ প্রাপ্তি জাবেদা প্রস্তুত কর। ৪

(গ) উপর্যুক্ত লেনদেনগুলি দ্বারা একটি নগদ প্রদান জাবেদা প্রস্তুত কর। ৪

৫. **জনাব মাশরাফি বিন মর্তুজার ২০১৫ সালের জুন মাসে নিম্নোক্ত লেনদেনগুলি সংঘটিত হয়েছিল :**

**২০১৫**

জুন ১ নগদ তহবিল ৭০,০০০ টাকা ও ব্যাংক জমার ডেবিট উদ্বৃত্ত ৮০,০০০ টাকা।

২ চেকের মাধ্যমে ভাড়া পরিশোধ ৫০০ টাকা।

৫ জাহিদকে চেক দ্বারা বেতন পরিশোধ ১,০০০ টাকা।

৮ ব্যাংকে জমা দেওয়া হলো ৫,০০০ টাকা।

১০ ব্যাংক দ্বারা প্রদেয় বিলের অর্থ পরিশোধ ৩,০০০ টাকা।

১১ ব্যাংক কর্তৃক প্রাপ্য বিল আদায় ২০,০০০ টাকা।

১২ অফিসের জন্য ব্যাংক হতে উত্তোলন ৬,০০০ টাকা।

১৫ ব্যাংক চার্জ ১০০ টাকা।

২৫ ৩% বাট্টা বাদ দেওয়ার পর মিনার নিকট হতে পাওয়া গেল ৫,০০০ টাকা।

৩০ নগদ উদ্বৃত্তের ৫০০ টাকা হাতে রেখে বাকি টাকা ব্যাংকে জমা দেওয়া হলো।

(ক) ২৫ তারিখের লেনদেন দ্বারা বাট্টা নির্ণয় কর। ২

(খ) ২, ৫, ৮ ও ১০ তারিখের লেনদেনগুলির জাবেদা দেখাও। ৪

(গ) ৫ ও ২৫ তারিখের লেনদেন বাদে অন্যান্য লেনদেনগুলি দ্বারা একটি দু'ঘরা নগদান বই প্রস্তুত কর। ৪

৬. **আলম ব্রাদার্স-এর ব্যাংক সংক্রান্ত তথ্যাবলি নিম্নরূপ :**

(১) নগদান বই মোতাবেক ব্যাংক জমার উদ্বৃত্ত (৩১.১২.১৫) ২০,০০০ টাকা।

(২) জমাকৃত চেক কিন্তু ব্যাংক বিবরণীতে ক্রেডিট করা হয়নি ৩,০০০ টাকা।

(৩) ইস্যুকৃত চেক, যা ব্যাংকে উপস্থাপন করা হয়নি ২,০০০ টাকা।

(৪) ব্যাংক কর্তৃক মঞ্জুরকৃত সুদ ৫০ টাকা।

(৫) ব্যাংক কর্তৃক ধার্যকৃত চার্জ ৪০ টাকা।

(৬) ব্যাংকে জমাকৃত চেক অমর্যাদাকৃত হয়ে ফেরত এসেছে ২,০০০ টাকা।

(৭) দেনাদার কর্তৃক সরাসরি ব্যাংকে জমা ৫,০০০ টাকা, যা নগদান বইতে লেখা হয়নি।

(৮) আদায়ের জন্য ব্যাংকে জমাকৃত চেক, যা আদায় হয়নি ৩,০০০ টাকা।

(৯) ব্যাংক প্রদেয় বিলের অর্থ পরিশোধ করেছে, যা নগদান বইতে লেখা হয়নি ৫০০ টাকা।

(ক) ব্যাংক যত টাকার ডেবিট মেমোরেন্ডাম ইস্যু করেছে তার পরিমাণ নির্ণয় কর। ২

(খ) ১, ২, ৩, ৪ ও ৫ নং লেনদেনের দ্বারা একটি ব্যাংক জমার সমন্বয় বিবরণী তৈরি কর। ৪

(গ) ৪, ৫, ৬ ও ৭নং লেনদেন দ্বারা জাবেদা প্রস্তুত কর। (ব্যাখ্যার প্রয়োজন নেই) ৪

৭. মিতা ট্রেডার্স-এর ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখের খতিয়ান উদ্বৃত্তগুলো নিম্নরূপ :

| হিসাবের নাম | টাকা |
|---|---|
| অফিস খরচ | ৭,০০০ |
| বিবিধ খরচ | ৫,০০০ |
| বিনিয়োগ | ২০,০০০ |
| ভূমি | ৪০,০০০ |
| শেয়ার অধিহার | ১০,০০০ |
| বিক্রয় | ৩০,০০০ |
| বিক্রয় ফেরত | ৪,০০০ |
| জীবন বীমা প্রিমিয়াম | ৫,০০০ |

| হিসাবের নাম | টাকা |
|---|---|
| প্যাকিং খরচ | ১,০০০ |
| ছাপা ও মনিহারি | ৩,৫০০ |
| মূলধন | ৯৫,০০০ |
| ইজারা সম্পত্তি | ৩০,০০০ |
| অফিস সরঞ্জাম | ১০,০০০ |
| উত্তোলন | ৪,৫০০ |
| ক্রয় | ১০,০০০ |
| কু-ঋণ সঞ্চিতি | ৫,০০০ |

(ক) উল্লেখিত তথ্যের আলোকে পরোক্ষ খরচগুলোর সমষ্টি নির্ণয় কর। ২

(খ) উপর্যুক্ত তথ্যের আলোকে একটি রেওয়ামিল তৈরি কর। ৪

(গ) প্রস্তুতকৃত রেওয়ামিল হতে মূলধনজাতীয় প্রাপ্তি ও স্থায়ী সম্পত্তির পরিমাণ নির্ণয় কর। ৪

৮. ২০১৬ সালের ১ জানুয়ারি তারিখ রিপন কোম্পানির আর্থিক অবস্থার বিবরণীতে নিম্নলিখিত তথ্যসমূহ পাওয়া গেল :

প্রাপ্য হিসাব ৪,৮০,০০০ টাকা।

অনাদায়ী পাওনা সঞ্চিতি ৪০,০০০ টাকা।

২০১৬ সালে প্রাপ্য হিসাব সম্পর্কিত লেনদেনসমূহ ছিল নিম্নরূপ :

ধারে পণ্য বিক্রয় ১,৬০,০০০ টাকা।

অনাদায়ী পাওনা বাবদ অবলোপন করতে হবে ২০,০০০ টাকা।

বছর শেষে অনাদায়ী সঞ্চিতি রাখতে হবে ৪০,০০০ টাকা।

(ক) চলতি বছরের অনাদায়ী পাওনা খরচের পরিমাণ নির্ণয় কর। ২

(খ) উপর্যুক্ত লেনদেনগুলোর জাবেদা দাখিলা দাও। (ব্যাখ্যার প্রয়োজন নাই) ৪

(গ) প্রাপ্য হিসাব ও অনাদায়ী পাওনা সঞ্চিতি হিসাবের খতিয়ান তৈরি কর। ৪

৯. তন্নি ট্রেডার্স-এর ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে প্রস্তুতকৃত রেওয়ামিলটি নিম্নরূপ :

রেওয়ামিল

৩১ ডিসেম্বর, ২০১৫

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| নগদ | ২৭,০০০ | |
| প্রাপ্য হিসাব | ১২,০০০ | |

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| সাপ্লাইজ | ১৪,০০০ | |
| বিজ্ঞাপন খরচ | ২,০০০ | |
| অগ্রিম বীমা | ৭,০০০ | |
| যন্ত্রপাতি | ৩,০০,০০০ | |
| প্রদেয় নোট | | ২,০০,০০০ |
| প্রদেয় হিসাব | | ১২,০০০ |
| মূলধন | | ১,৫০,০০০ |
| উত্তোলন | ৫,০০০ | |
| সেবা আয় | | ২৫,০০০ |
| বেতন খরচ | ১৬,০০০ | |
| উপযোগ খরচ | ৪,০০০ | |
| | ৩,৮৭,০০০ | ৩,৮৭,০০০ |

**অন্যান্য তথ্যাবলি :**

i. অগ্রিম বীমার ১,০০০ টাকার মেয়াদ উত্তীর্ণ হয়েছে।
ii. হিসাবকাল শেষে ৫,০০০ টাকার সাপ্লাইজ মজুদ আছে।
iii. যন্ত্রপাতির উপর ৫,০০০ টাকার অবচয় ধরতে হবে।
iv. প্রদেয় নোটের উপর ৩,০০০ টাকার সুদ বকেয়া রয়েছে।

(ক) অগ্রিম বীমার পরিমাণ নির্ণয় কর। ২
(খ) উল্লেখিত তথ্যের ভিত্তিতে একটি কার্যপত্র প্রস্তুত কর। (সমন্বিত রেওয়ামিল পর্যন্ত) ৪
(গ) উল্লেখিত সমন্বয়গুলোর সমন্বয় দাখিলা দাও। ৪

১০. **২০১৪ সালের ১ জানুয়ারি তারিখে রহিম লিমিটেড ২,৮০,০০০ টাকার একটি মেশিন ক্রয় করে। মেশিনটির সংস্থাপন ব্যয় ২০,০০০ টাকা। মেশিনের আনুমানিক আয়ুষ্কাল ৫ বছর এবং ভগ্নাবশেষ মূল্য ২০,০০০ টাকা। ২০১৬ সালের ১ অক্টোবর তারিখে মেশিনটি ১,৬০,০০০ টাকায় বিক্রয় করা হয়। প্রতি বছর ৩১ ডিসেম্বর তারিখে হিসাববর্ষ শেষ হয়। সরলরৈখিক পদ্ধতিতে অবচয় ধার্য করা হয়।**

(ক) মেশিন বিক্রয়ের লাভ/ক্ষতি নির্ণয় কর। ২
(খ) ২০১৬ সালের অবচয় সংক্রান্ত লেনদেনের প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও। ৪
(গ) ২০১৪ সাল হতে ২০১৬ সাল পর্যন্ত সময়ের অবচয় হিসাব প্রস্তুত কর। ৪

১১. **জনাব নাসির একজন ব্যবসায়ী। তিনি তার ব্যবসায়ের হিসাব যথাযথ পদ্ধতিতে সংরক্ষণ করেন না। তার ব্যবসায়ের তথ্যগুলো নিম্নরূপ :**

| দায় ও সম্পদসমূহ | ১.১.২০১৪ টাকা | ৩১.১২.২০১৪ টাকা |
|---|---|---|
| নগদ তহবিল | ১,৫০০ | ২,০০০ |
| বিবিধ দেনাদার | ৮,০০০ | ১২,০০০ |
| বিবিধ পাওনাদার | ১২,০০০ | ১০,০০০ |
| আসবাবপত্র | ১৫,০০০ | ... |
| কলকব্জা | ২০,০০০ | ... |
| দালানকোঠা | ৩০,০০০ | ৩০,০০০ |

জনাব নাসির সারা বছরে ব্যবসায় হতে নগদ ১০,০০০ টাকা ও ৫,০০০ টাকা মূল্যের পণ্য উত্তোলন করেন।

**অন্যান্য তথ্যাবলি :**

i. দেনাদারের ১,০০০ টাকা আদায়যোগ্য নয়। অবশিষ্ট দেনাদারের উপর ৫% হারে অনাদায়ী পাওনা সঞ্চিতি তৈরি করতে হবে।
ii. মূলধনের উপর ১০% হারে সুদ ধরতে হবে।

(ক) নিট উত্তোলনের পরিমাণ নির্ণয় কর। ২
(খ) প্রারম্ভিক ও সমাপনী মূলধন নির্ণয় কর। ৪
(গ) ২০১৪ সালের ৩১ ডিসেম্বর তারিখে ব্যবসায়ের মোট সম্পদের পরিমাণ নির্ণয় কর। ৪

## বিষয় ঃ হিসাববিজ্ঞান ১ম পত্র

বিষয় কোড | ২ | ৫ | ৩ |

সময় ঃ ৩০ মিনিট

## বহুনির্বাচনি অভিক্ষা

পূর্ণমান—৩০

[ বিশেষ দ্রষ্টব্য ঃ সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১ ]

১. সমন্বিত ক্রয় = ?
   i. বিক্রয় – সমাপনী মজুদ পণ্য
   ii. বিক্রয়যোগ্য পণ্য – সমাপনী মজুদ পণ্য
   iii. প্রারম্ভিক মজুদ পণ্য ক্রয় – সমাপনী মজুদ পণ্য

   নিচের কোনটি সঠিক?
   ক i ও ii   খ ii ও iii
   গ i ও iii   ঘ i, ii ও iii

২. প্রাপ্য হিসাব ব্যবসায়ের কোন ধরনের সম্পদ?
   ক তরল সম্পদ   খ স্থায়ী সম্পদ
   গ ভুয়া সম্পদ   ঘ অদৃশ্যমান সম্পদ

৩. একতরফা দাখিলা পদ্ধতির সর্বাধিক প্রয়োগক্ষেত্র নিচের কোনটি?
   ক অংশীদারী ব্যবসায়   খ সমবায় ব্যবসায়
   গ একমালিকানা ব্যবসায়   ঘ রাষ্ট্রীয় ব্যবসায়

৪. মালিক ব্যবসায় হতে প্রত্যেক মাসে নগদ ১,০০০ টাকা এবং বছরে মোট ১,০০০ টাকার পণ্য উত্তোলন করে থাকলে ১০% হারে উত্তোলনের সুদ কত?
   ক ৫৫০ টাকা   খ ৬০০ টাকা
   গ ৬৫০ টাকা   ঘ ১,২০০ টাকা

৫. হিসাববিজ্ঞান মূল্যবোধ সৃষ্টিতে ভূমিকা রাখে–
   i. সুষ্ঠুভাবে হিসাব সংরক্ষণের মাধ্যমে
   ii. নিয়মিতভাবে সরকারকে কর প্রদানের মাধ্যমে
   iii. মালিককে অধিক মুনাফা অর্জনে সহায়তার মাধ্যমে

   নিচের কোনটি সঠিক?
   ক i ও ii   খ ii ও iii
   গ i ও iii   ঘ i, ii ও iii

৬. পেশাদার হিসাব নিরীক্ষক তৈরি করে কোন প্রতিষ্ঠান?
   ক DSE   খ IBA
   গ BIBM   ঘ ICAB

৭. ১০,০০০ টাকার প্রদেয় হিসাব পূর্ণ নিষ্পত্তিতে ৯,৮৫০ টাকায় নিষ্পত্তি করা হলো। হিসাব সমীকরণে লেনদেনটির প্রভাব–
   i. সম্পত্তি হ্রাস পাবে
   ii. দায় হ্রাস পাবে
   iii. মালিকানাস্বত্ব হ্রাস পাবে

   নিচের কোনটি সঠিক?
   ক i ও ii   খ ii ও iii
   গ i ও iii   ঘ i, ii ও iii

৮. নিচের কোন তহবিলটি সম্পত্তিবাচক হিসাব?
   ক প্রতিপূরক তহবিল   খ মূলধন তহবিল
   গ নগদ তহবিল   ঘ কল্যাণ তহবিল

৯. হিসাববিজ্ঞানের কোন নীতি অনুযায়ী আয়ের বিপরীতে ব্যয়কে চার্জ করা হয়?
   ক মিলকরণ নীতি   খ ব্যয় নীতি
   গ শনাক্তকরণ নীতি   ঘ পূর্ণপ্রকাশ নীতি

# নিচের উদ্দীপকটি পড় এবং ১০ ও ১১নং প্রশ্নের উত্তর দাও :

@ অহনা ট্রেডার্স ১ জুন, ২০১৬, ৮,০০০ টাকার পণ্য ১০% বাট্টায় বাকিতে ক্রয় করে। ৮ জুন উক্ত প্রদেয় হিসাবের অর্ধেক ২% বাট্টায় পরিশোধ করে।

১০. অহনা ট্রেডার্সের হিসাবভুক্ত বাট্টার পরিমাণ কত?
   ক ৭২ টাকা   খ ৮০ টাকা
   গ ১৪৪ টাকা   ঘ ১৬০ টাকা

১১. মূল্য পরিশোধের ফলে উক্ত লেনদেনের অবশিষ্ট দায়ের পরিমাণ কত?
   ক ৩,৬০০ টাকা   খ ৪,০০০ টাকা
   গ ৭,২০০ টাকা   ঘ ৭,৬০০ টাকা

১২. "ব্যবসায় কার্যক্রম অনন্তকাল ধরে চলতে থাকবে –এটি হিসাববিজ্ঞানের কোন ধারণা মেনে চলে?
   ক ব্যবসায় সত্ত্বা ধারণা
   খ চলমান ধারণা
   গ হিসাবকাল ধারণা
   ঘ অর্থের অংকে প্রকাশ ধারণা

১৩. সহকারী খতিয়ানের ক্রেডিট জের দ্বারা কী বুঝায়?
   ক দেনা   খ পাওনা
   গ মূলধন   ঘ ব্যয়

১৪. বিক্রয়ের উদ্দেশ্যে আসবাবপত্র ক্রয় ৫,০০০ টাকা ভুলবশত আসবাবপত্র হিসাবে লিপিবদ্ধ হয়েছে। এর জন্য সংশোধনী জাবেদা নিচের কোনটি?
   ক বিক্রয় হিসাব ডেবিট ৫,০০০ টাকা
     আসবাবপত্র হিসাব ক্রেডিট ৫,০০০ টাকা
   খ আসবাবপত্র হিসাব ডেবিট ৫,০০০ টাকা
     বিক্রয় হিসাব ক্রেডিট ৫,০০০ টাকা
   গ ক্রয় হিসাব ডেবিট ৫,০০০ টাকা
     আসবাবপত্র হিসাব ক্রেডিট ৫,০০০ টাকা
   ঘ ক্রয় হিসাব ডেবিট ৫,০০০ টাকা
     বিক্রয় হিসাব ক্রেডিট ৫,০০০ টাকা

১৫. একটি নতুন যন্ত্রপাতি সংস্থাপন মজুরি, মজুরি হিসাবে লিপিবদ্ধ করলে হিসাববিজ্ঞানে কোন ধরনের ভুল হয়?
   ক লেখার ভুল   খ পরিপূরক ভুল
   গ করণিক ভুল   ঘ নীতিগত ভুল

১৬. বিলম্বিত বিজ্ঞাপন ব্যবসায়ের একটি–
ক চলতি সম্পদ　খ ব্যয়
গ ভুয়া সম্পদ　ঘ দায়

নিচের উদ্দীপকটি পড় এবং ১৭ ও ১৮নং প্রশ্নের উত্তর দাও :
জনাব পার্থিব-এর উদ্বৃত্তপত্রের দফাগুলো নিম্নরূপ :
সম্পদ ও দায় পাওয়া যায় : দালানকোঠা ৫০,০০০ টাকা; আসবাবপত্র ২০,০০০ টাকা; প্রাপ্য হিসাব ৩০,০০০ টাকা; মজুদ পণ্য ২০,০০০ টাকা; হাতে নগদ ১০,০০০ টাকা; প্রদেয় হিসাব ৪০,০০০ টাকা।

১৭. জনাব পার্থিব-এর চলতি সম্পদের পরিমাণ কত টাকা?
ক ৫০,০০০ টাকা　খ ৬০,০০০ টাকা
গ ৭০,০০০ টাকা　ঘ ৯০,০০০ টাকা

১৮. প্রদেয় হিসাবের ৫,০০০ টাকা পরিশোধ করা হলে বছরের শেষে মূলধনের উপর কী প্রভাব পড়বে?
ক ৫,০০০ টাকা বৃদ্ধি পাবে
খ ৫,০০০ টাকা হ্রাস পাবে
গ ১০,০০০ টাকা বৃদ্ধি পাবে
ঘ কোনো প্রভাব পড়বে না

নিচের উদ্দীপকটি পড় এবং ১৯ ও ২০নং প্রশ্নের উত্তর দাও :
একটি ব্যবসায়ের প্রারম্ভিক মজুদ পণ্য ১০,০০০ টাকা; ক্রয়কৃত পণ্য ৫০,০০০ টাকা; সমাপনী মজুদ পণ্য ২০,০০০ টাকা; ক্রয় পরিবহন ৫,০০০ টাকা; মজুরি ৫,০০০ টাকা; বিক্রয় পরিবহন ২,০০০ টাকা; বেতন ৪,০০০ টাকা; ভাড়া ১,০০০ টাকা এবং বিক্রয় ১,০০,০০০ টাকা।

১৯. বিক্রীত পণ্যের ব্যয় কত?
ক ৫০,০০০ টাকা　খ ৬০,০০০ টাকা
গ ৭০,০০০ টাকা　ঘ ৭২,০০০ টাকা

২০. পরোক্ষ ব্যয়ের পরিমাণ কত?
ক ৭,০০০ টাকা　খ ১২,০০০ টাকা
গ ১৬,০০০ টাকা　ঘ ১৭,০০০ টাকা

২১. হিসাববিজ্ঞানের জনক কে?
ক জে আর বাটলিবয়　খ আর এন কার্টার
গ লুকা প্যাসিওলি　ঘ হারমেনসন

২২. হিসাববিজ্ঞানের মূল ভিত্তি কী?
ক লেনদেন　খ জাবেদা
গ চালান　ঘ ক্যাশমেমো

২৩. অনাদায়ী শিক্ষানবিস সেলামি কোন জাতীয় হিসাব?
ক আয়　খ দায়
গ সম্পদ　ঘ ব্যয়

২৪. নিচের কোন হিসাবটি ক্রেডিট জের প্রদর্শন করে?
ক অবচয়　খ শেয়ার অবহার
গ সাপ্লাইজ　ঘ প্রাপ্ত সুদ

২৫. সম্ভাব্য সকল ব্যয়কে হিসাবভুক্ত করা কিন্তু সম্ভাব্য সকল আয়কে হিসাবভুক্ত না করা –এটি হিসাববিজ্ঞানের কোন নীতি?
ক ব্যয় সংযোগ নীতি　খ রক্ষণশীলতার নীতি
গ পূর্ণ প্রকাশ নীতি　ঘ ঐতিহাসিক মূল্য নীতি

২৬. ৩০ জুন ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুতকালে অন্তর্ভুক্ত হবে–
i. ২৭ জুন আদায়ের জন্য ব্যাংকে জমাকৃত চেক ২৯ জুন আদায় হয়েছে
ii. পরিশোধের জন্য ইস্যুকৃত চেক ব্যাংকে উপস্থাপিত হয়নি
iii. আদায়ের জন্য ব্যাংকে জমাকৃত প্রাপ্য বিল ৩ জুলাই আদায় হয়েছে

নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ ii ও iii
গ i ও iii　ঘ i, ii ও iii

২৭. রেওয়ামিল প্রস্তুতের উদ্দেশ্য হলো–
i. ভুলত্রুটি উদ্‌ঘাটন করা
ii. ফলাফল নির্ণয়ে সাহায্য করা
iii. দু'তরফা দাখিলা পদ্ধতি প্রয়োগ নিশ্চিত করা

নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ ii ও iii
গ i ও iii　ঘ i, ii ও iii

২৮. অবলোপনকৃত অনাদায়ী পাওনা আদায়–
i. প্রতিষ্ঠানের সম্পদ বৃদ্ধি করে
ii. প্রতিষ্ঠানের মালিকানা স্বত্ব বৃদ্ধি করে
iii. প্রতিষ্ঠানের আয় বৃদ্ধি করে

নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ ii ও iii
গ i ও iii　ঘ i, ii ও iii

২৯. ১ নভেম্বর, ২০১৬ তারিখে ৬ মাসের জন্য অগ্রিম ভাড়া প্রদান করা হয় ৯,০০০ টাকা; এর জন্য ৩১ ডিসেম্বর, ২০১৬ তারিখে সঠিক জাবেদা কোনটি?
ক অগ্রিম ভাড়া হিসাব ডে: ৩,০০০
ভাড়া খরচ হিসাব ক্রে: ৩,০০০
খ ভাড়া খরচ হিসাব ডে: ৩,০০০
অগ্রিম ভাড়া হিসাব ক্রে: ৩,০০০
গ অগ্রিম ভাড়া হিসাব ডে: ৬,০০০
ভাড়া খরচ হিসাব ক্রে: ৬,০০০
ঘ ভাড়া খরচ হিসাব ডে: ৬,০০০
অগ্রিম ভাড়া হিসাব ক্রে: ৬,০০০

৩০. নিচের কোনটি আর্থিক বিবরণীর উপাদান নয়?
ক সংরক্ষিত আয় বিবরণী
খ মালিকানা স্বত্ব বিবরণী
গ নগদ প্রবাহ বিবরণী
ঘ আয় বিবরণী